কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-৩৯০** **তারিখ ঃ ০২-০৬-২০১৬ খ্রিঃ**

**বিষয় ঃ জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৯তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২৯-০৫-২০১৬ খ্রিঃ তারিখে কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৯তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ক) ৮৯তম সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

(মোঃ আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -২২০০;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৪। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১১। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষিভবন, ঢাকা;
১৭। জনাব এম আনিস উদ দ্দৌলা, চেয়ারম্যান, এসিআই লিঃ এবং সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। প্রফেসর ড. শহীদুর রশীদ ভূঁইয়া, প্রো-ভিসি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ও সভাপতি, ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট স্থাপন বিষয়ক কমিটি;
০৪। ড. মো. আব্দুর রাজ্জাক (প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি), প্রকল্প-পরিচালক, এনএটিপি, ও সভাপতি, উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা প্রণয়ন কমিটি;
০৫। ড. মঈনুল হক, বিভাগীয় প্রধান, সীড সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ, বশেমুরকৃবি, গাজীপুর;
০৬। ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, পরিচালক, টিসিআরসি, বারি, জয়দেবপুর, গাজীপুর;
০৭। সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, ঢাকা ও সভাপতি, আলুর জাত ছাড়করণ নীতিমালা প্রণয়ন কমিটি;
০৮। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
১০। জনাব মো. মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি লিঃ ও সভাপতি, বাংলাদেশ সীড ইন্ডাষ্ট্রি এসোসিয়েশন, বাড়ী#১০, সেক্টর # ১৩, উত্তরা, ঢাকা;
১১। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২। অতিরিক্ত সচিব (গবেষণা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\Meeting Minutes\Meeting Minutes Letter.doc

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৯তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, সচিব, কৃষি মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ২৯ মে, ২০১৬ খ্রি: |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং প্রধান বীজতত্ত্ববিদ-কে ৮৯তম সভার কার্যপত্রানুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহ্বান জানান। প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য সূচী-(ক) : গত ২৩/০২/২০১৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৮৮তম সভা গত ২৩/০২/২০১৬খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী গত ০৭/০৩/২০১৬ খ্রি: তারিখ ১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-২৩৫ সংখ্যক স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যগণের নিকট পাঠানো হয়। এ বিষয়ে বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রতিনিধি উল্লেখ করেন ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) স্থাপন বিষয়ে গঠিত কমিটিতে বীজ প্রত্যয়ন এজেন্সীর একজন প্রতিনিধিকে কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য মতামত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত :** সভায় আর কোন মতামত না থাকায় ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) স্থাপন বিষয়ে গঠিত কমিটিতে বীজ প্রত্যয়ন এজেন্সীর একজন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করে সংশোধনীসহ জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য সূচী-(খ):**

**বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা :**

**(১) পাট বীজ আমদানি।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভার সিদ্ধান্ত অনুযারী প্রচলিত নিয়ম অনুযায়ী বীজ ডিলারদের মাধ্যমে ভারত হতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়িত (Certified) ৫,৫০০ মে.টন জে আরও-৫২৪ (নবীন) জাতের তোষা পাট বীজ এবং ২,০০০ মে.টন কেনাফ/মেস্তা বীজ আমদানির অনুমোদনের পরিপ্রেক্ষিতে মোট আইপি ইস্যু তোষা ৫৪৮৫ মে.টন; আমদানি ৪০০৫ মে.টন। মোট আইপি ইস্যু মেস্তা ১০৩১ মে.টন; আমদানি ৭৫৭ মে.টন। সভাপতি মহোদয় আইপি ইস্যুর তুলনায় আমদানি কম হওয়ায় ইহা পাট ফসল উৎপাদনে কোন বিরূপ প্রভাব ফেলবে কিনা জানতে চান এবং আগামি বছর সঠিক চাহিদা নিরূপণের উপর গুরুত্ব আরোপ করেন। আইপি ইস্যু হওয়ার পরও কোনো কোনো প্রতিষ্ঠান কর্তৃক বীজ আমদানি না করার বিষয়ে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত :**

(১) আইপি ইস্যুর তুলনায় কম আমদানি হওয়ার বিষয়ে ডিএই একটি প্রতিবেদন দিবে এবং বাংলাদেশ সীড এসোসিয়েশন একটি প্রতিবেদন দিবে।

(২) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আগামী বছর পাট বীজের চাহিদা ও সরবরাহ বিষয়ে একটি বাস্তবসম্মত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। উহার ভিত্তিতে আগামি বছর বীজ আমদানির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

**(২) প্রস্তাবিত বীজ আইনের খসড়া-২০১৬**

**আলোচনা :** The Seed Ordinance, 1977 কে আইনে পরিণত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী অংশিজনদের মতামত গ্রহণ করে অধ্যাদেশটি সংশোধন ও পরিমার্জনের পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলাভাষা বাস্তবায়ন কোষ হতে অনুবাদ করে খসড়া চূড়ান্ত করা হয়েছে। এ বিষয়ে কিছু মতামত পাওয়া গেছে এবং তা যাচাই বাছাই করে সংযোজন করার পর পুনরায় মতামতের জন্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট, সকল উইং প্রধান ও অংশিজনদের নিকট প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত :** প্রস্তাবিত বীজ আইন-২০১৬ খসড়াটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোতে মতামতের জন্য পত্র প্রেরণ করতে হবে পরবর্তীতে আন্ত:মন্ত্রণালয় সভা করে দ্রুত পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(৩) প্রস্তাবিত বীজ নীতির খসড়া-২০১৬

আলোচনা : সীড রেগুলেটরী রিফর্ম কমিটি কর্তৃক প্রণিত প্রস্তাবিত খসড়া বীজ নীতি-২০১৬ এর বিষয়ে কিছু মতামত পাওয়া গেছে এবং তা যাচাই বাছাই করে সংযোজন করার পর পুনরায় মতামতের জন্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট, সকল উইং প্রধান ও অংশিজনদের নিকট প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত : বীজ আইন-২০১৬ চূড়ান্ত হওয়ার পর বীজ নীতি-২০১৬ চূড়ান্ত করার পরবর্তী পদক্ষেপ দ্রুততার সাথে গ্রহণ করতে হবে।

(৪) উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৬ এর খসড়া বাংলা ভাষায় অনুবাদ

আলোচনা : বিশ্বের বিভিন্ন দেশে আমদানি ও রপ্তানি সম্পর্কিত কাজের জন্য ইংরেজী ভাষায় প্রস্তাবিত উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৬ এর চূড়ান্ত খসড়া প্রণয়ন করা হয়েছে। বিধিমালাটি বাংলায় অনুবাদের জন্য প্রণয়ন কমিটিতে প্রেরণ করা হয়েছে, ইতোমধ্যে কমিটি দুইটি সভায় মিলিত হয়েছে। বাংলায় অনুবাদের কাজ চলমান।

সিদ্ধান্ত : বাংলা প্রণয়নের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রণীত উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৬ একই সাথে অনুমোদনের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিধিমালাটি বিশ্বের বিভিন্ন দেশে আমদানি ও রপ্তানি সম্পর্কিত কাজের জন্য ইংরেজী ভাষা অনুসরণ করা হলেও মূল বিধিমালাটি হবে বাংলায়।

(৫) ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) স্থাপন

আলোচনা : ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) স্থাপনের বিষয়ে গঠিত কমিটি ইতোমধ্যে দুইটি সভায় মিলিত হয়ে ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) স্থাপনের বিষয়ে খসড়া প্রস্তাবনা প্রস্তুত করেছে। সভাপতি মহোদয় NPGRI স্থাপনের বিষয়ে গঠিত কমিটির অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে কমিটির সভাপতি প্রো-ভিসি প্রফেসর ড.শহীদুর রশিদ ভূঁইয়া'কে ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত : ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স ইনস্টিটিউট (NPGRI) স্থাপন বিষয়ক কমিটিতে বীজ প্রত্যয়ন এজেন্সীর একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করে কমিটি পুন:গঠন করা হলো।

(৬) ISTA (International Seed Testing Association) এক্রিডেটেড সীড টেস্টিং ল্যাবরেটরী স্থাপন

আলোচনা : সরকারি (বিএডিসি, এসসিএ) এবং বেসরকারি (এসিআই, লালতীর) সেক্টরে যে সব সংস্থায় ISTA এর মেম্বার ল্যাবরেটরী আছে তাদেরকে যথাশীঘ্রই ISTA এর এক্রিডিটেশন প্রাপ্তির জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ) এর প্রতিনিধি উল্লেখ করেন আমাদের ISTA এক্রিডিটেশন প্রাপ্তির সক্ষমতা থাকা সত্ত্বেও পরীক্ষণাগারের জনবল পদোন্নতি পাওয়ার পর কিংবা প্রয়োজনে অন্য দপ্তরে বদলী হয়ে যাওয়ার কারণে ISTA এক্রিডিটেশন প্রাপ্তি সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে মন্ত্রণালয়ের হস্তক্ষেপ কামনা করেন। সভাপতি উল্লেখ করেন Machineries installation এর পাশাপাশি এসব উন্নতমানের যন্ত্রপাতি চালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে। বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ড এ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারে।

সিদ্ধান্ত : বিএডিসি'কে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ এক্রিডিটেশন বোর্ডে জনবল প্রশিক্ষণের বিষয়ে যোগাযোগ করতে পরামর্শ দেন। এছাড়াও বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ) কর্তৃক পরীক্ষণাগারের জনবল পুনর্বিন্যাসের একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(৭) আলুর জাত ছাড়করণে মাঠ মূল্যায়নের মানদণ্ড নির্ধারণ :

আলোচনা : ড. মো: জাহাঙ্গীর হোসেন, পরিচালক, টিসিআরসি, বারি, গাজীপুর কে আহবায়ক করে ১০ সদস্য বিশিষ্ট একটি কমিটি টার্মস্ অফ রেফারেন্স মোতাবেক আলুর ফলন ও রোগ-পোকা মাকড়ের আক্রমণ ড্রাই ম্যাটারের শতকরা হার মূল্যায়ন ফরম সংশোধন করে কমিটিকে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবে। বারি'র কন্দাল ফসল গবেষণার প্রতিনিধি সভায় উল্লেখ করেন বারি আলু-৪৮ ও বারি আলু-৬২ রপ্তানি উপযোগি আলুর জাত। কিন্তু কৃষকদের মাঝে জনপ্রিয়তার অভাবে এ দুটি জাতের আবাদ বৃদ্ধি পাচ্ছে না।

সিদ্ধান্ত : সভায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট'কে আলুর জন্য ক্ষতিকর ও সংবেদনশীল রোগ লেট ব্লাইট প্রতিরোধী জাত উদ্ভাবন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে কমিটিকে মানদণ্ড নিরূপণ করে কারিগরি কমিটিতে উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

এছাড়াও মহাপরিচালক বীজ উইং; বারি, বিএডিসি, ডিএই এবং বেসরকারি আলু রপ্তানীকারকদের প্রতিনিধির সাথে সভা করে বারি আলু-৪৮ ও বারি আলু-৬২ জাত দুইটি জনপ্রিয়করণের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

(৮) বীজ মোড়কিকরণে পাটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক আইন :

আলোচনা: পাটের বস্তায় সংরক্ষণ করলে দ্রুত বীজের আর্দ্রতা বেড়ে যায়; এতে অঙ্কুরোদগম ক্ষমতা ক্রমান্বয়ে হ্রাস পায়। তাই বীজ মোড়কিকরণে পাটের বস্তা ব্যবহারের বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর ডিও লেটার দেয়া হয়।

সিদ্ধান্ত : বীজ বিপণনের জন্য পাটের বস্তায় লাইনার ব্যবহার নিশ্চিত করতে হবে এবং বীজের ক্ষেত্রে পাটের বস্তা ব্যবহারে অব্যাহতি পাওয়ার বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে ব্যবস্থা নিতে হবে।

আলোচ্য সূচী-(গ) ধান ও আখ ফসলের জাত ছাড়করণ

আলোচনা : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ৪টি নতুন জাত ১) HUA-565, ২) NERICA Mutant, ৩) BR7941-41-2-2-2-4 ও ৪) BR7941-116-1-2-1 যথাক্রমে ব্রি ধান৭৫, ব্রি ধান৭৬, ব্রি ধান৭৭ ও ব্রি ধান৭৮ হিসেবে ছাড়করণ।

**১) HUA-565:** মহাপরিচালক, ব্রি সভাকে জানান যে, জাতটি চাষাবাদের জন্য ২০% নাইট্রোজেন কম লাগে। এ জাতের ভাত সামান্য আঠালো এবং সুগন্ধ আছে; এ জাতের চাল রপ্তানি করা যেতে পারে।

২) **NERICA Mutant :** মহাপরিচালক, ব্রি **NERICA Mutant** জাতটি ব্রি এর অনুকূলে ছাড়করণের প্রস্তাব করে সভাকে জানান যে, প্রস্তাবিত জাতটি রোপা আউশ ও রোপা আমন উভয় মৌসুমে চাষাবাদের উপযোগি। বিএডিসির মহাব্যবস্থাপক (বীজ) সভাকে জানান ২০০৯ সালে উগান্ডা থেকে নেরিকা ধান বীজ সংগৃহীত হবার পর নেরিকা ধানের জাত নিয়ে বিএডিসিতে অব্যাহতভাবে প্রায়োগিক গবেষণা কার্যক্রম চলছে। তিনি জাতটি বিএডিসির নামে ছাড়করণের জন্য অনুরোধ করেন। মহাপরিচালক ডিএই সভাকে জানান আউশ মৌসুমে চাষাবাদের জন্য নেরিকা একটি ভাল জাত। ধানের জাত ছাড়করণ নিয়মানুযায়ী ব্রি'র নামেই হওয়া উচিত তবে যেহেতু বিএডিসি জাতটির গবেষণা কার্যক্রম অব্যহত রেখেছে তাই ব্রি হতে জাতটি ছাড়করণের জন্য বিএডিসির সংশ্লিষ্টতা স্বীকৃতি দেয়া যেতে পারে। বিএআরসির চেয়ারম্যান জানান জাত ছাড়করনের জন্য নিয়মানুযায়ী এসসিএতে আবেদন করতে হয় সেটা যাচাই বাছাই করে এসসিএর প্রতিবেদনের ভিত্তিতে কারিগরি কমিটিতে আলোচনার পর জাত ছাড়করনের সুপারিশ করা হয়। কিন্তু কারিগরি কমিটিতে বিএডিসির আবেদন পাওয়া যায়নি। বিএডিসির সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) উল্লেখ করেন ২০১৩ সালে প্রায়োগিক গবেষণায় প্রাপ্ত নেরিকা মিউট্যান্ট জাতটি কুদরত নামে DNA Finger Printing এবং DUS Test এর জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর বিএডিসি হতে দুইটি আবেদন পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি বীজ প্রত্যয়ন এজেন্সী থেকে ফলাফলের কোন তথ্য বিএডিসিকে জানানো হয়নি। বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রতিনিধি জানান বিএডিসি থেকে প্রাপ্ত নমুনা বীজ থেকে ভাল ফলাফল না পাওয়ায় বিএডিসিকে বিষয়টি অবহিত করা হয়নি এবং প্রস্তাবিত জাতটির DUS Test এক বছর সম্পন্ন করা হয়েছে তবে প্রস্তাবিত জাতের বৈশিষ্ট্যের Stability পরীক্ষার জন্য পর পর দুই বছর DUS Test করা প্রয়োজন। সভাপতি সভাকে জানান, এসসিএ যদি বিএডিসিকে তখনই জানিয়ে দিত আবেদনকৃত জাত বিএডিসির নামে ছাড়করণের বিধান নেই; তাহলে জাতটি ছাড়করণ নিয়ে মতপার্থক্য হতো না এবং দীর্ঘদিন অতিবাহিত হলেও বিএডিসির চিঠির জবাব না দেয়ায় এসসিএর গাফিলাতি পরিলক্ষিত হয়েছে।

**৩) BR7941-41-2-2-2-4 :** ব্রি এর প্রস্তাবিত জাতটি সম্পর্কে মহাপরিচালক ডিএই সভাকে জানান জোয়ার ভাটা অঞ্চলের চাষাবাদের জন্য একটি ভাল জাত। ব্রি কর্তৃক প্রস্তাবিত জাতটি ছাড়করণ করা যেতে পারে।

**৪) BR7941-116-1-2-1 :** চেয়ারম্যান, বিএডিসি সভাকে জানান আমাদের দেশের দক্ষিণাঞ্চলের জমিতে আমন মৌসুমে পানি জমে থাকে। ফলে জমি অনাবাদী থাকে; তাই ব্রি উদ্ভাবিত BR7941-41-2-2-2-4 ও BR7941-116-1-2-1 জোয়ার ভাটা অঞ্চলে চাষাবাদের উপযোগী জাত দুইটি দক্ষিণাঞ্চলে ভাল ফলাফল আনতে পারে।

সিদ্ধান্ত :

(১) কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত HUA-565 জাতটি ব্রি ধান৭৫ হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

(২) প্রস্তাবিত NERICA Mutant জাতটির বৈশিষ্ট্যের Stability পরীক্ষার জন্য আরো এক বছর DUS Test করে ফলাফল কারিগরি কমিটিতে প্রেরণ করতে হবে এবং কারিগরি কমিটি উক্ত জাতটি ছাড়করণে ব্রি ও বিএডিসি'র দাবীর বিষয়ে পরীক্ষাপূর্বক প্রতিবেদন দিবে এবং উহার ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়া দীর্ঘদিন অতিবাহিত হলেও বিএডিসির চিঠির জবাব না দেয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং দ্রুত পত্রটি নিস্পত্তি করার জন্য এসসিএকে অনুরোধ করা হয়।

(৩) কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত BR7941-41-2-2-2-4 কৌলিক সারিটি ব্রি ধান৭৬ হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

(৪) কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত BR7941-116-1-2-1কৌলিক সারিটি ব্রি ধান৭৭ হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর প্রস্তাবিত কৌলিক সারি (১৫৭-০৭) বিএসআরআই আখ-৪৫ হিসেবে ছাড়করণ :**

প্রস্তাবিত জাতটির আখে বিদ্যমান চিনির পরিমাণ ঈশ্বরদী ৩৯ অপেক্ষা বেশী। জাতটি খরা, বন্যা, লবণাক্ততা ও জলাবদ্ধতা সহিষ্ণু। এছাড়াও জাতটি লাল পচা ও স্মাট রোগ প্রতিরোধী ক্ষমতাসম্পন্ন যা মাল্টি স্ট্রেস টলারেন্ট। জাতটির গড় ফলন ১২৯.৪৪ টন/হে: এবং জীবনকাল ২৭৭-২৮৮ দিন। কারিগরি কমিটি কর্তৃক ১৫৭-০৭ কৌলিক সারিটি বিএসআরআই আখ-৪৫ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করা হয়েছে।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর প্রস্তাবিত এবং কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত কৌলিক সারিটি (১৫৭-০৭) বিএসআরআই আখ-৪৫ হিসেবে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য সূচী-(ঘ): আমন মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের ট্রায়ালকৃত ৫টি জাত নিবন্ধন :**

আলোচনা : ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ আমন মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে চেক জাত ব্রি ধান৩১ এর চেয়ে দুই বছরের গড় ফলন, দুইটি স্থানে এবং দুইয়ের অধিক স্থানে ২০% বা তার বেশী হওয়ায় অনুমোদিত পদ্ধতি অনুসারে নিম্নবর্ণিত ৫টি জাত সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের নিমিত্ত নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে :

**সিদ্ধান্ত :**

- বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর প্রস্তাবিত চাইনিজ উৎসের MJ0031 জাতটি সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে বিএডিসি হাইব্রিড ধান-৪ হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।
- বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর প্রস্তাবিত চাইনিজ উৎসের MJ0032 জাতটি সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে বিএডিসি হাইব্রিড ধান-৬ হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর এর প্রস্তাবিত নিজস্ব উৎসের হাইব্রিড ধানের জাতটি বিইউ সুগন্ধি হাইব্রিড ধান-১ হিসেবে সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।
- বায়ার ক্রপস সায়েন্স লিমিটেড এর প্রস্তাবিত অ্যারাইজ আইএনএইচ ১৩১৪১ ভারতীয় উৎসের জাতটি আমন মৌসুমে সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে সারাদেশে বায়ার হাইব্রিড-৬ হিসেবে চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।
- সুপ্রিম সীড কোম্পানি লিমিটেড এর প্রস্তাবিত আমন হাইব্রিড হীরা-১৬ চাইনিজ উৎসের জাতটি আমন মৌসুমে সারাদেশে সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে সুপ্রিম হাইব্রিড ধান-১৬ হিসেবে খুলনা ও রাজশাহী অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

**পুন: ট্রায়ালকৃত ২টি জাত :**

আলোচনা : জাতীয় বীজ বোর্ডের ৭০ তম সভার সিদ্ধান্ত অনুসরণে পুন: ট্রায়ালের ক্ষেত্রে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত জাতগুলি অনস্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে দুই বছরের (Best Two years) গড় ফলন বিবেচনায় এনে চেক জাত ব্রি ধান৩১ এর চেয়ে ২০% বা তার বেশী হওয়ায় নিম্নবর্ণিত ২টি জাত অঞ্চলভিত্তিক সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে আমন মৌসুমে চাষাবাদের নিমিত্ত নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সুপারিশ করেছে।

সিদ্ধান্ত :

- পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেড এর প্রস্তাবিত হাইব্রিড ধানের জাতটি সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে এগ্রোধান-১৬ (Pioneer 25P35) হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।
- Winall Hi-Tech Seed Company Ltd. এর Win-207 হাইব্রিড ধানের জাতটি সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে বিএডিসি হাইব্রিড ধান-২ হিসেবে আমন মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

**উল্লিখিত নিবন্ধনকৃত ৫টি জাত ও পুন: ট্রায়ালকৃত ২টি জাত নিম্নবর্ণিত শর্ত মোতাবেক বাজারজাত করতে হবে :**

**শর্তাবলী :**

১. প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর ও প্যাকিং এর তারিখ উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে এবং প্যাকেটের গায়ে কোন্ অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা লিখতে হবে।

২. যে নামে হাইব্রিড জাত নিবন্ধন করা হবে শুধু সে নামেই (প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজারজাত করতে হবে। পরবর্তীতে কোনো ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।

৩. বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্ত বিদেশি কোম্পানীর সাথে হাইব্রিড আমদানীকারক কোম্পানীর সম্পাদিত MOU ও Port Arrival Report বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহ করতে হবে।

৪. জাতীয় বীজ বোর্ডের ৭৫ তম সভার আলোচ্যসূচী ৫ (ঘ) এর সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানীর নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বাণিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে।

**আলোচ্য সূচী (ঙ) :**

**আখ ফসলের 'DUS (Distinctness Uniformity and Stability) Test Procedure অনুমোদন।**

**আলোচনা :** ডিইউএস টেস্ট পদ্ধতি প্রণয়ন উপকমিটি কর্তৃক কয়েকটি সভার মাধ্যমে আখের ডিইউএস টেষ্ট পদ্ধতি প্রণয়ন নীতিমালার খসড়া চূড়ান্ত করা হয়েছে। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি কর্তৃক আখ ফসলের 'DUS Test Procedure' অনুমোদন এর জন্য সুপারিশ করা হয়।

**সিদ্ধান্তঃ** কারিগরি কমিটি কর্তৃক সুপারিশকৃত আখ ফসলের 'DUS Test Procedure' অনুমোদন করা হলো।

**আলোচ্য সূচী (চ) : বিবিধ**

**আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা অনুমোদন :**

আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ নীতিমালা প্রণয়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়াটি কারিগরি কমিটিতে বিস্তারিত আলোচনা শেষে জাতীয় বীজ বোর্ডের অনুমোদনের জন্য সুপারিশসহ প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনা শেষে সভায় সিদ্ধান্ত হয় যে, আলুর জাত উন্নয়ন, ছাড়করণ ও নিবন্ধিকরণ এর খসড়া নীতিমালাটি বোর্ডের সকল সদস্যদের মতামতসহ অনুমোদনের জন্য পরবর্তী সভায় নিয়মিত আলোচ্যসূচীভুক্ত করতে হবে।

পরিশেষে সভাপতি বীজ বোর্ডের সকল সদস্যদের সভায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২.০৬.২০১৬

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্)
সচিব
কৃষি মন্ত্রণালয়।

পরিশিষ্ট "ক"

# জাতীয় বীজ বোর্ডের ৮৯ তম সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের তালিকা

**সভাপতি ঃ** জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, কৃষি সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

**তারিখ ঃ** ২৯-০৫-২০১৬ খ্রিঃ, **সময় ঃ** সকাল ১১.০০ ঘটিকা

**স্থান ঃ** সম্মেলন কক্ষ (কক্ষ # ৫১২, ৪র্থ বিল্ডিং, ৫ম তলা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ।

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মো: নজমুল ইসলাম | অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় | | [স্বাক্ষর] ২৯/৫/১৬ |
| ২ | ড. মো: রফিকুল ইসলাম মন্ডল | বি এ আর আই, মহাপরিচালক | 01712630006<br>dg.bari@bari.gov.bd | [স্বাক্ষর] ২৯/৫/১৬ |
| ৩ | ড. মু. খলিলুর রহমান | মহাপরিচালক, বিএসআরআই | 01715507788<br>dg-bsri@bsri.gov.bd<br>drmkrahman57@yahoo.com | [স্বাক্ষর] ২৯/০৫/১৬ |
| ৪ | জীবন কৃষ্ণ বিশ্বাস | মহাপরিচালক, ডিএই | 01711960349<br>biswas.jiban@gmail.com | [স্বাক্ষর] |
| ৫ | মো. আবু জিবরুল ইসলাম | পরিচালক, SCA | 01714-475354<br>dir.sca.gov.bd@gmail.com | [স্বাক্ষর] ২৯/৫/১৬ |
| ৬ | ড. মো: আসাদিকুর রহমান | উপ-পরিচালক (স.ম), তুলা উন্নয়ন বোর্ড | mdAasdiqur@yahoo.com | [স্বাক্ষর] ২৯/৫/১৬ |
| ৭ | ড. বিমল চন্দ্র কুন্ডু | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই | 01712681181<br>kundube@yahoo.com | [স্বাক্ষর] ২৯/৫/১৬ |
| ৮ | মো: আবু ছাদেক | উপ পরিচালক (আমদানী), উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | 01756 872051<br>sadeque1961@gmail.com | [স্বাক্ষর] |
| ৯ | ড. মো: জাকির হোসেন | উপ-পরিচালক (মাঠ) (অতিঃ দায়িত্ব), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর | 01199182324<br>zhossainsca@gmail.com | [স্বাক্ষর] ২৯/৫/১৬ |
| ১০ | ড. মো: আমির জিলানী চৌধুরী | সদস্য পরিচালক (শস্য) (অ. দা.), বিএডিসি, কৃষিভবন, ঢাকা | 01552355393<br>zilani71@gmail.com | [স্বাক্ষর] ২৯/৫/১৬ |

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | ড. মোঃ আমজাদ আলী | মহাপরিচালক (অবঃ) বিনা | ০১৭১৫৫২৮০৩৯ mds.ali2003@gmail.com | [signature] |
| ১২ | [illegible] বেগম | অতি: সচিব কৃষি মন্ত্রণালয় | | [signature] ২৭.০৫.২০১৩ |
| ১৩ | M. Anis UD Dowla | President BSA | 01711840053 | [signature] |
| ১৪ | রওনক মাহমুদ | সদস্য পরিচালক বীজ ও উদ্যান | ০১৭১৮৫০৬৬৬৪ | [signature] ২৭/৫/১৩ |
| ১৫ | ড মোঃ [illegible] রহমান ভূঁইয়া | প্রফেসর [illegible] শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় | ০১৫৫২৮৫৭৯৮৫ | [signature] ২৭/০৫/১৩ |
| ১৬ | ড. মোঃ কামাল উদ্দিন | [illegible] | 01713118907 | [signature] ২৭/০৫/২০১৩ |
| ১৭ | ড. মোঃ [illegible] | অধ্যাপক বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ | 01711-908640 | [signature] |
| ১৮ | মোঃ মাসুম | চেয়ারম্যান সুপ্রিম সীড লি: | 01711-521630 | মাসুম |
| ১৯ | ড. মোঃ আবদুর রাজ্জাক | প্রকল্প পরিচালক [illegible] PD-PCMU-NATP | 0171179831 | [signature] |
| ২০ | ড. মোঃ [illegible] কবির | [illegible] | 01712280083 | [signature] ২৭/৫/১৩ |
| ২১ | মোঃ আমিনুল ইসলাম | মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি | 01719626287 gmseed@badc.gov.bd | [signature] ২৭/৫/১৩ |
| ২২ | মোঃ [illegible] উদ্দিন | প্রধান বীজতত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | ০১৫৫২৬৩৮১১৪৩ | [signature] ২৭/০৫/১৩ |
| ২৩ | মানিক চন্দ্র কর্মকার | সহকারী বীজতত্ত্ববিদ বীজ উইং | 01718018710 | [signature] |

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৪ | ড. মোঃ আনছার আলী | পরিচালক গবেষণা, ব্রি | ০১৭২৫৫৫৬৫৮২ maalibrri@yahoo.com | [signature] |
| ২৫ | প্রফেসর ড. মোঃ আবুল হোসেন | বিভাগীয় প্রধান, বীজ প্রযুক্তি বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ | ০১৭২৯২৯৬৪৪৪ abulhossainbauaf@yahoo.com | [signature] ২৭-৫-২৩ |
| ২৬ | ড. মো. আনিসুর রহমান | প্রধান বৈ: কর্মকর্তা (চ: দা:) বিএসআরআই | ০১৭০৩৪৮৮৬০৬ anisur@bsri.gov.bd | [signature] ২৭/৫/২৩ |
| ২৭ | ড. মো: আবদুস সালাম | সিএসও, বিএআরআই | 01552398504 masalamsso@yahoo.com | [signature] ২৭/৫/২৩ |
| ২৮ | মোঃ দেলোয়ার হোসেন মোল্লা | উপপরিচালক মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন: | 01974667799 delawarsrdi@yahoo.com | [signature] ২৭/৫/২৩ |
| ২৯ | [redacted] মোঃ নাসির উদ্দিন | উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ) বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | 01711-955470 | [signature] ২৭/৫/২৩ |
| ৩০ | মো: নাসিরুজ্জামান | চেয়ারম্যান বিএডিসি | 01556315509 | [signature] |
| ৩১ | ড: এ.এইচ.এম. কামাল উদ্দিন আহমেদ | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি | ০১৭২৭২১০৯৯৫ | [signature] ২৭/৫/২৩ |
| ৩২ | মোঃ হাবিবুর রহমান | মহাপরিচালক (গ্রেড-১) | 01711803695 | [signature] ২৭/৫/২৩ |
| ৩৩ | F. R. Malik | GS/BSA | 01750060333 | [signature] |
| ৩৪ | মুহাম্মদ নোমানুল নাসির | সহকারী পরিচালক বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | 01913471802 | [signature] |
| ৩৫ | | | | |
| ৩৬ | | | | |